গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২৪.২২.০০১.২০২৫- ৬০

তারিখঃ ১৯ মাঘ, ১৪৩১। / ০২ ফেব্রুয়ারি, ২০২৫।

বিষয় ঃ **বাংলাদেশ জেল এর লোগো পরিবর্তন প্রসঙ্গে**

সূত্র ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, কারা-১ শাখা এর স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.২২.০০১.২২.৫২ তারিখঃ ২৩.০১.২০২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, উপরোক্ত বিষয়ে সূত্রস্থ স্মারক মোতাবেক স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, কারা-১ শাখা কর্তৃক **'বাংলাদেশ জেল পোশাক নীতিমালা-২০১৬ (সংশোধিত-২০২৪')** এর পরিশিষ্ট ৩ এর (চ) এ উল্লিখিত লোগো এর পরিবর্তন আনা হয়েছে, যা এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি ঃ বর্ণনামতে..... ৩ (তিন) পাতা।**


মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ০২-৫৭৩০০২২২(দপ্তর)।
addl.ig@prison.gov.bd


১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ একাডেমী, রাজশাহী।
৩। সিনিয়র জেল সুপার/জেল সুপার সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

**আপনার কারাগারে কর্মরত কর্মচারীদেরকে রোল কলে বাংলাদেশ জেল পোশাক নীতিমালা-২০১৬ (সংশোধিত-২০২৪) সম্পর্কে অবহিত করতে অনুরোধ করা হলো।**

৪। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৮। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক এর ব্যক্তিগত সহকারী। মহোদয়গণের সদয় অবগতির জন্য।
৯। অফিস কপি।

F/shamim es-2/সকল চিঠি-২৫/বিবিধ-২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাংলাদেশ জেল পোশাক নীতিমালা-২০১৬
# (সংশোধিত-২০২৪)

কারা অধিশাখা
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
কারা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৮৪.২২.০০১.২২.৫২

তারিখ : ০৯ মাঘ ১৪৩১ / ২৩ জানুয়ারি ২০২৫

# বাংলাদেশ জেল পোশাক নীতিমালা-২০১৬ (সংশোধিত-২০২৪)

১। প্রবর্তন ঃ কারা প্রশাসন সৃষ্টির লগ্ন হইতেই পদবিন্যাস অনুসারে কারারক্ষী হইতে জেলার অর্থাৎ কারারক্ষী (পুরুষ ও মহিলা), সহকারী প্রধান কারারক্ষী/সহকারী মেট্রন, প্রধান কারারক্ষী/মেট্রন, সর্বপ্রধান কারারক্ষী/চীফ মেট্রন, সার্জেন্ট ইন্সট্রাক্টর , ডেপুটি জেলার ও জেলারগণ কারা বিভাগীয় পোশাক পরিধান করিয়া থাকেন ; কিন্তু ডেপুটি জেল সুপার হইতে কারা উপ-মহাপরিদর্শক অর্থাৎ ডেপুটি জেল সুপার , জেল সুপার, সহকারী কারা মহাপরিদর্শক, সিনিয়র জেল সুপার ও কারা উপ-মহাপরিদর্শক পদধারী কর্মকর্তাগণের বাংলাদেশ জেলের জন্য নির্ধারিত পোশাক পরিধান করিবার বিধান না থাকিবার কারণে নিত্যকার প্রশাসনিক কর্মকান্ড পরিচালনায় বহুবিধ সমস্যার উদ্ভব হয় যেমন- সিনিয়র জেল সুপার/জেল সুপার পোশাকধারী না হইয়াও ইউনিফর্ম ও অস্ত্রধারী কারা সদস্যদের ইউনিট প্রধান হিসাবে তিনি তাহাদের পরিচালনা করিয়া থাকেন বিধায় পোশাকধারী ব্যক্তিবর্গের মধ্যে সুচারুরূপে শৃঙ্খলা বজায় রাখা, পেশাগত উৎকর্ষতা বৃদ্ধি ও সুষ্ঠু কারা প্রশাসন পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হইতেছে। এই ধরনের জটিলতা হইতে উত্তরণের লক্ষ্যে কারা কর্মকর্তাগণ ও গার্ডিং ফোর্সকে বিভাগীয় পোশাক পরিধানের আওতায় আনিবার জন্য নীতিমালা প্রণয়নের যৌক্তিকতা ও প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় বাংলাদেশ জেল পোশাক নীতিমালা প্রবর্তন করা হইল ঃ-

২। শিরোনাম ঃ এই নীতিমালা 'বাংলাদেশ জেল পোশাক নীতিমালা, ২০১৬(সংশোধিত-২০২৪)'নামে অভিহিত হইবে।

৩। সংজ্ঞা ঃ বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই নীতিমালায়-

(ক) 'কারা কর্মকর্তা' বলিতে দেশের বিভিন্ন কারাগার, কারা বিভাগীয় দপ্তরসমূহ, কারা প্রশিক্ষণ একাডেমি ও কারা অধিদপ্তরে কর্মরত ডেপুটি জেলার, জেলার, ডেপুটি জেল সুপার, জেল সুপার, সহকারী কারা মহাপরিদর্শক, সিনিয়র জেল সুপার, কারা উপ-মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা মহাপরিদর্শককে বুঝাইবে;

(খ) 'গার্ডিং ফোর্স' বলিতে কারাগারের বিভিন্ন দায়িত্বে কর্মরত কারারক্ষী (পুরুষ ও মহিলা), সহকারী প্রধান কারারক্ষী/সহকারী মেট্রন, প্রধান কারারক্ষী/মেট্রন, সর্ব প্রধান কারারক্ষী/চীফ মেট্রন, সার্জেন্ট ইন্সট্রাক্টর (পুরুষ ও মহিলা) কে বুঝাইবে;

(গ) ' বাংলাদেশ জেল পোশাক ' বলিতে কারারক্ষী (পুরুষ ও মহিলা), সহকারী প্রধান কারারক্ষী/সহকারী মেট্রন, প্রধান কারারক্ষী/মেট্রন, সর্ব প্রধান কারারক্ষী/চীফ মেট্রন, সার্জেন্ট ইন্সট্রাক্টর (পুরুষ ও মহিলা), ডেপুটি জেলার, জেলার, ডেপুটি জেল সুপার, জেল সুপার, সহকারী কারা মহাপরিদর্শক, সিনিয়র জেল সুপার, কারা উপ-মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা মহাপরিদর্শক প্রাধিকার অনুযায়ী কর্তব্যকালীন ও আনুষ্ঠানিক ব্যবহারের জন্য যে ধরনের পোশাক সামগ্রী পরিধান করিবেন উহাকে বুঝাইবে;

(ঘ) প্রাতিষ্ঠানিক সাইন' বলিতে কারা অধিদপ্তরের অধীন প্রতিটি প্রশাসনিক বিভাগে কর্মরত কারা কর্মকর্তা ও গার্ডিং ফোর্স কর্তৃক তাহাদের পোশাকে ব্যবহৃত সাইনকে বুঝাইবে যাহা স্ব স্ব বিভাগের জন্য নির্ধারিত ডিভিশনাল পতাকায়ও ব্যবহৃত হইবে;

(ঙ) 'জেল সাইন' বলিতে কারা কর্মকর্তা ও গার্ডিং ফোর্স কর্তৃক ব্যবহৃত কারা বিভাগীয় পোশাকের শার্টের ডান বাহুতে স্থাপিত নির্ধারিত নমুনা ও মাপের সাইনকে বুঝাইবে;

(চ) 'লোগো' বলিতে গাঢ় সবুজ জমিনে বৃত্তাকার মনোগ্রামের উভয় পার্শ্বে পাট পাতা (মাঝখানে শিরদাঁড়ার উভয় পার্শ্বে চৌদ্দটি পাতা) বেষ্টিত একটি ক্রস ব্যাটন ও চাবী; উহার উপরিভাগে প্রস্ফুটিত জাতীয় ফুল শাপলা এবং নিচে 'বিডিজে' লেখা মনোগ্রামকে বুঝাইবে।

## বাংলাদেশ জেল এর পরিবর্তিত নতুন লোগো

(চ) লোগো- বলিতে গাঢ় সবুজ জমিনে বৃত্তাকার মনোগ্রামের উভয় পার্শ্বে পাট পাতা (মাঝখানে শিরদাড়ার উভয় পার্শ্বে চৌদ্দটি পাতা) বেষ্টিত একটি ক্রস ব্যাটন ও চাবী; উহার উপরিভাগে প্রস্ফুটিত জাতীয় ফুল শাপলা এবং নিচে 'বিডিজে' লেখা মনোগ্রামকে বুঝাইবে।